সমকাল

তারিখ 19 SEP 2017
পৃষ্ঠা 3 কলাম 5

# শিশু শিক্ষায় কুমন পদ্ধতি চালু করল ব্র্যাক

■ সমকাল প্রতিবেদক

শিশুর জন্য ব্যতিক্রমী শিক্ষা সহায়ক পদ্ধতি 'কুমন' বাংলাদেশে চালু করেছে ব্র্যাক। গতকাল সোমবার রাজধানীর ব্র্যাক সেন্টারে এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়।

১৯৫৮ সালে জাপানের শিক্ষক তরু কুমন শিক্ষার্থীদের নিজস্ব সামর্থ্য ও মেধা অনুযায়ী গণিত শেখাতে বিশেষ পদ্ধতি চালু করেন, যা 'কুমন' নামে পরিচিত। ব্র্যাক-কুমন উদ্যোগের আওতায় এ পদ্ধতি এখন বাংলাদেশে চালু হতে যাচ্ছে। এর প্রথম কেন্দ্রটি রাজধানীর ধানমণ্ডিতে আজ মঙ্গলবার যাত্রা শুরু করতে যাচ্ছে। দ্বিতীয় কেন্দ্রটি চলতি বছরের অক্টোবরে উত্তরায় চালু হবে। এ দুটি কেন্দ্র পরিচালিত হবে 'ব্র্যাক-কুমন' শীর্ষক ২৭ মাসব্যাপী একটি পাইলট প্রকল্পের আওতায়, যা এ বছরের জুলাই মাসে শুরু হয়। প্রকল্পের পরবর্তী পর্যায়ে ২০১৯ থেকে ২০২১ সালের মধ্যে ঢাকাসহ দেশের প্রধান শহরগুলোয় ২০টি কেন্দ্র চালু করা হবে।

গতকাল উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জাপানের কুমন ইনস্টিটিউট অব এডুকেশন কোম্পানি লিমিটেডের প্রেসিডেন্ট হিদেনোরি ইকেগামি। বিশেষ অতিথি ছিলেন ব্র্যাকের নির্বাহী পরিচালক ড. মুহাম্মাদ মুসা। অনুষ্ঠানে বক্তব্য রাখেন– জাপান ইন্টারন্যাশনাল কোঅপারেশন -জাইকার ঊর্ধ্বতন প্রতিনিধি হিতোইশি আরা, জাপান এক্সটারনাল ট্রেড অরগানাইজেশন-জেট্রোর আবাসিক প্রতিনিধি দাইগুকো আরাই, ব্র্যাক শিক্ষা কর্মসূচির পরিচালক ড. শফিকুল ইসলাম, ব্র্যাক-কুমন প্রকল্পের ইনচার্জ নেহাল বিন হাসান, একই প্রকল্পের বিপণন ও জনসংযোগ ব্যবস্থাপক ওবায়েদ রহমান, মানবসম্পদ ও প্রশাসন ব্যবস্থাপক অনিক ভূঁইয়া প্রমুখ।

কুমন কর্মসূচি এখন বিশ্বের ৫০টি দেশে বিস্তৃত হয়েছে এবং ৪২ লাখের বেশি ছাত্রছাত্রী এ পদ্ধতিতে শিক্ষা গ্রহণ করছে।